



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 1st Semester Examination, 2021-22

**BNGACOR02T-BENGALI (CC2)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও।  $10 \times 8 = 80$   
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

১। “বহুদিন পরে বাঁধুয়া এলে / দেখা না হইতে পরাণ গেলে॥” — এটি কোন্ পর্যায়ের পদ? পদকর্তা কে?  $1+1+8=10$   
পদটি বিশ্লেষণ করে কবির কৃতিত্ব বিচার করো।

**অথবা**

গীতিকবিতা হিসেবেও বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে — এ বিষয়ে  $10$   
তোমার মতামত ব্যাখ্যা করো।

**একক - ২**

২। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে সমকালীন সমাজের যে চিত্র ধরা পড়েছে তা পাঠ্যপদ অবলম্বনে  $10$   
আলোচনা করো।

**অথবা**

“এমন দিন কি হবে তারা / যবে তারা ব'লে তারা বেয়ে পড়বে ধারা॥” — পদকর্তা কে? পদটি কোন্  $1+1+8=10$   
পর্যায়ের পদ? উক্ত পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো।

**একক - ৩**

৩। মুকুন্দ চক্রবর্তীর কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্রটি বিশ্লেষণ করো।  $10$

**অথবা**

হাস্যরস সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।  $10$

**একক - ৪**

৪। পঞ্চদশ অধ্যায় অবলম্বনে চৈতন্য মহাপ্রভুর সহিত ঈশ্বরপুরীর সাক্ষাৎ ও গয়া গমনের ইতিবৃত্ত বর্ণনা করো।  $10$

**অথবা**

‘চৈতন্যভাগবত’-এর আদি খণ্ড রচনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব আলোচনা করো।  $10$

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০)  $৫ \times ২ = ১০$
- (ক) “সই কেবা শুনাইল শ্যাম নাম” — পদটি কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।  $১+১+৩ = ৫$
- (খ) “গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।  
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।”  
— পদটি কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উক্তিটির মর্মার্থ লেখো।  $১+১+৩ = ৫$
- (গ) “দুঃখ কর অবধান দুঃখ কর অবধান  
আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।”  
— কে এই উক্তি করেছে ? তার বারোমাসের জীবনযাত্রা কেমন বর্ণনা করো।  $১+৪ = ৫$
- (ঘ) “নামমাত্র ভেদ কহে হিন্দুরে যবনে।  
পরমার্থ এক কহে কোরানে পুরাণে।”  
— কে, কাকে একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।  $১+৪ = ৫$

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—